গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা

## জননিরাপত্তা বিভাগের মার্চ ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরনী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম খান<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৭ মার্চ ২০২৩ |
| সভার সময় | সকাল: ১০:০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত এবং পবিত্র রমজানের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মাসিক সমন্বয় সভার গুরুত্ব উল্লেখ করে কর্মকর্তাগণকে আন্তরিকতার সাথে দাপ্তরিক কাজ সম্পাদন করার বিভিন্ন নির্দেশনা দেন। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

জানুয়ারী ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন:

সভায় গত সভার কার্যবিবরণীর পাঠ করা হয় এবং কোন সংশোধনী ছাড়াই সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতপর কার্যপত্র মোতাবেক গত সভার সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

শাখা পরিদর্শন:

সভায় এ বিভাগের অধিশাখা/ শাখা পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়। নভেম্বর/ ২০২২ থেকে ফেব্রুয়ারী/ ২০২৩ মাস পর্যন্ত পরিদর্শন পরিসংখ্যান নিম্নরূপ:

| ডিসেম্বর ২০২২ | জানুয়ারি ২০২৩ | ফেব্রুয়ারি ২০২৩ | মন্তব্য | সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০৮টি | ০৪টি | ১৩টি | | ডিসেম্বর/ ২০২২ থেকে ফেব্রুয়ারী/২০২৩ পর্যন্ত মোট ২৫ টি পরিদর্শন করা হয়। পরিদর্শনের সুপারিশ অনুযায়ী কার্যক্রম পরিচালিত হচ্ছে। |

পেন্ডিং প্রতিবেদন:

সভায় জননিরাপত্তা বিভাগের বিভিন্ন অধিশাখা/ শাখার কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। এ বিভাগের অধিশাখা/ শাখায় চিঠি-পত্র প্রাপ্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হয় যা নিম্নরূপঃ

| গত মাসের জের | আলোচ্য মাসে প্রাপ্তি | মোট প্রাপ্তি | আলোচ্য মাসে নিষ্পত্তি | আলোচ্য মাস শেষে অনিষ্পন্ন | অনিষ্পন্ন বিষয়সমূহ |
|---|---|---|---|---|---|
| ১১ | ১,৩৯৮ | ১,৪০৯ | ১,৩৯৩ | ১৬ টি | **পুলিশ-৩ শাখা:**<br>**(০১)** ট্যুরিস্ট পুলিশের টিওএন্ডইতে offshore patrol vehicle (opv), inshore patrol vehicle (ipv)সহ বিভিন্ন প্রকার জলযান এবং হেলিকপ্টার অন্তর্ভুক্তি প্রসংগে।<br>**রাজনৈতিক-৪ শাখা:**<br>(০১) লাইসেন্স প্রদান সংক্রান্ত ০৪ (চার)টি পত্র।<br>**রাজনৈতিক-৫ শাখা:**<br>(০১)জাতীয় মানবাধিকার কমিশন (জামাক) হতে প্রাপ্ত ০৯ (নয়)টি অভিযোগ<br>**সীমান্ত-১ শাখা:**<br>**(০১)** ৪২৮২টি পদের অনুকূলে ৩৭৪টি নতুন যানবাহন ক্রয়ের প্রস্তাব<br>**(০২)** বিজিবি'র সাংগাঠনিক কাঠামোতে ৯০০টি জেনারেটর মেশিন (Generator Machine) টিওএন্ডইভূক্তকরণ। |

**ই-নথির বিবরণ:**

জননিরাপত্তা বিভাগ এর ই-নথি কার্যক্রমের জানুয়ারি/২০২২ এবং ফেব্রুয়ারি/২০২৩ মাসের তুলানামূলক বিবরণী নিম্নরূপঃ

| মাসের নাম | ডাক সৃজিত নোটে নিষ্পত্তি | নোটে নিষ্পত্তি | পত্রজারিতে নিষ্পন্ন নোট | মোট | মোট পত্রজারি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| জানুয়ারি | ৪৮১ | ৮২ | ৪৭০ | ১০৩৩ | ৬৭৬ | গত মাসের চেয়ে নোটে নিষ্পত্তি বাড়লেও মোট নিষ্পত্তি এবং মোট পত্রজারি কমেছে। |
| ফেব্রুয়ারি | ৪১৪ | ৮৯ | ৩৯৮ | ৯০১ | ৬১২ | |
| হ্রাস/ বৃদ্ধি | -৬৭ | +৭ | -৭২ | -১৩২ | -৬৪ | |

**প্রশিক্ষণ:**

*** ফেব্রুয়ারি মাসের জননিরাপত্তা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের তথ্য:**

১. জননিরাপত্তা বিভাগের ১১-১৬ গ্রেডের ১৪(চৌদ্দ) জন কর্মচারীর প্রথম ব্যাচে ০৫ (পাঁচ) দিনব্যাপী 'আচরণবিধি এবং কম্পিউটার বিষয়ক ' প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে;

২. জননিরাপত্তা বিভাগের ১০-১৬ গ্রেডের ৭৩ (তিয়াত্তর) জন কর্মকর্তা/ কর্মচারীদের ০১(এক) দিনব্যাপী 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' আয়োজন করা হয়েছে;

*** মার্চ ও এপ্রিল মাসে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ ও কর্মশালা বিষয়ক তথ্য নিম্নরুপ:**

১. জননিরাপত্তা বিভাগে কর্মরত ৪৮) আটচল্লিশ (জন ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণের দিনব্যাপী 'সমসাময়িক লানিং সেশনের আওতায় Money Laundering Issues in context of National and International Level শীর্ষক' কর্মশালার আয়োজন করা ;

২. জননিরাপত্তা বিভাগের ৪৮) আটচল্লিশ (জন ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণের দিনব্যাপী 'সংগঠন ও ব্যবস্থাপনা নির্দেশিকা বিষয়ক' কর্মশালা আয়োজন করা;

৩. জননিরাপত্তা বিভাগের ১০ম ও তদুর্ধ্ব গ্রেডের ৪২) বিয়াল্লিশ (জন কর্মকর্তাদের নিয়ে দিনব্যাপী 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ক কর্মশালার আয়োজন করা;

৪. জননিরাপত্তা বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা;

৫. এ বিভাগের ৫২) বায়ান্ন (জন ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিয়ে তথ্য অধিকার সংক্রান্ত ০১) এক (দিনের কর্মশালা আয়োজন করা;

৬. জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর /সংস্থার কর্মকর্তাদের নিয়ে ২০২২-২৩ অর্থ-বছরের APA এর দ্বিতীয় ত্রৈমাসিক অগ্রগতি সংক্রান্ত দিনব্যাপি কর্মশালার আয়োজন করা;

৭. এ বিভাগের কর্মকর্তাদের নিয়ে ২০২৩-২৪ অর্থ-বছরের APA প্রণয়ন অবহিতকরণ সংক্রান্ত দিনব্যাপি কর্মশালার আয়োজন করা;

৮. এ বিভাগের আওতাধীন দপ্তর /সংস্থার কর্মকর্তাদের নিয়ে ২০২৩-২৪ অর্থ-বছরের APA প্রণয়ন অবহিতকরণ/ফিডব্যাক সংক্রান্ত দিনব্যাপি কর্মশালার আয়োজন করা;

৯. এ বিভাগের ৫২) বায়ান্ন (জন ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিয়ে সিটিজেন চার্টার সংক্রান্ত ০১) এক (দিনের কর্মশালা আয়োজন করা;

১০. জননিরাপত্তা বিভাগের ১১-১৬ গ্রেডের কর্মচারীদের দ্বিতীয় ব্যাচে ০৫) পাঁচ (দিনব্যাপী 'আচরণবিধি এবং কম্পিউটার বিষয়ক' প্রশিক্ষণের আয়োজন করা।

**রীট মামলা/ বিভাগীয় মামলাঃ**

জননিরাপত্তা বিভাগ ও এর অধীন দপ্তর/ সংস্থার বিপক্ষে চলমান বিভিন্ন রীট মামলা এবং এ বিভাগে প্রাপ্ত বিভাগীয় / শৃঙ্খলাজনিত মামলাসমূহ নিয়ে আলোচনা হয়। রীটসহ অন্যান্য মামলার তথ্যঃ

রীট মামলা

| | রীট মামলাসহ অনান্য মামলা | ফেব্রুয়ারি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | মাসে নিস্পত্তি | নতুন মামলা | অনিষ্পন্ন | |
| মোট | ৫,৩০২টি | ০১টি | ২৩টি | ৫,৩০১ টি | |

বিভাগীয় মামলা

| | বিভাগীয় মামলা | ফেব্রুয়ারি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | নিষ্পত্তি | নতুন প্রস্তাব | চলমান | |
| মোট | ৯০টি | ০টি | ০৩টি | ৯০টি | |

**জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:**

সভায় ২০১৬ হতে ২০২২ পর্যন্ত অনুষ্ঠিত জেলা প্রশাসক সম্মেলনের বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের অগ্রগতি আলোচনা করা হয়। এর মধ্যে ২০১৬-২০১৯ সালের সম্মেলনে মধ্যমেয়াদি ১টি, দীর্ঘমেয়াদি ২টি এবং ২০২২ সালের সম্মেলনে স্বল্পমেয়াদি ১টি, মধ্যমেয়াদি ৪টি ও দীর্ঘমেয়াদি ১টি সিদ্ধান্ত রয়েছে। সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

**জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-২০১৯**

**(ক) মধ্যমেয়াদি:**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬-এর ২৩ (ঙ) অনুযায়ী "ওয়ারিশসূত্রে লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীকে অবশ্যাই আয়কর প্রদান ব্যতীত লাইসেন্স প্রাপ্তির অন্যান্য যোগ্যতা থাকতে হবে" এর পরিবর্তে "ওয়ারিশসূত্রে লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে মূল লাইসেন্সধারীর যে সাধারণ যোগ্যতা ছিল (৩০ বছর, বাংলাদেশি এবং ব্যক্তি শ্রেণির আয়করদাতা) তা অবশ্যাই থাকতে হবে। অন্যথায় সরকার বরাবর সমর্পন করতে হবে" মর্মে বিধি প্রণয়ন করতে হবে। | জননিরাপত্তা বিভাগে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ সংশোধনের নিমিত্ত ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি কর্তৃক ইতোমধ্যে নীতিমালাটির একটি খসড়া প্রস্তুত করা হয়েছে। খসড়া নীতিমালাটি যাচাই-বাছাই এর কার্যক্রম চলছে। |

**(খ) দীর্ঘমেয়াদি:**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | ব্রহ্মপুত্র নদের চরাঞ্চলে আইন শৃঙ্খলা রক্ষার্থে একটি নৌথানা গঠন করতে হবে।- | ব্রহ্মপুত্র নদের চরাঞ্চলে আইনথানা গঠনের বিষয়ে -শৃঙ্খলা রক্ষার্থে একটি নৌ-প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৪.১০.২০১৮ তারিখ পুলিশ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। সর্বশেষ ০২.১১.২০২২ তারিখ এ বিষয়ে অনুরোধ করে তাগিদপত্র প্রদান করা হয়েছে। বিদ্যমান নীতিমালার আলোকে প্রস্তাব পাওয়া গেলে বিষয়টি বিবেচনা করা যেতে পারে। |
| ০২ | 'বঙ্গীয় প্রকাশ্য জুয়া আইন, ১৮৬৭' সংশোধন করতে হবে। | বঙ্গীয় প্রকাশ্য জুয়া আইন, ১৮৬৭ যুগোপযোগীকরণের লক্ষ্যে ইতোমধ্যে আইনটির প্রাথমিক খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইনটির বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মতামত জন্য পত্র প্রেরণ করা হয়েছে। |

**জেলা প্রশাসক সম্মেলন ২০২২**

**(ক) স্বল্পমেয়াদি:**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের ঝুঁকিপূর্ণ স্থানসমূহে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। | ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়কে "হাইওয়ে পুলিশের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জের সাইনবোর্ড এলাকা হতে চট্টগ্রাম সিটি গেইট পর্যন্ত মোট প্রায় ২৫০ কিলোমিটার মহাসড়কে সিসিটিভি মনিটরিং সিস্টেম স্থাপনের কাজ চলছে যার বর্তমান অগ্রগতি ৫৪%। এছাড়াও হাইওয়ে পুলিশের জুরিসডিকশন অনুযায়ী জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে সরকারের অনুমতি সাপেক্ষে সিসিটিভি মনিটরিং সিস্টেম স্থাপনের পরিকল্পনা রয়েছে। |

**(খ) মধ্যমেয়াদি:**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | নড়িয়া ও ভেদরগঞ্জ উপজেলায় ০২টি নৌ-পুলিশ ফাঁড়ি স্থাপন করতে হবে। | শরীয়তপুর জেলার নড়িয়া ও ভেদরগঞ্জ উপজেলায় ০২টি নৌ পুলিশ ফাঁড়ি স্থাপনের বিষয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য পুলিশ অধিদপ্তরকে ২৯.০৫.২০২২ তারিখ অনুরোধপত্র প্রেরণ করা হয়। সর্বশেষ ০২.১১.২০২২ তারিখ এ বিষয়ে অনুরোধ করে তাগিদপত্র প্রদান করা হয়েছে। নৌ পুলিশের সাংগাঠনিক কাঠামো সংস্কারের লক্ষ্যে বিভিন্ন পদবীর ১১,৭৮৫টি পদ সৃজনের কার্যক্রম গৃহীত হয়েছে মর্মে পুলিশ অধিদপ্তর হতে জানা যায়। পুলিশ অধিদপ্তর হতে বিদ্যমান নীতিমালার আলোকে প্রস্তাব পাওয়া গেলে বিষয়টি দ্রুত বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ০২ | ভোলা জেলায় নৌ-পুলিশের স্থায়ী অফিস স্থাপন করতে হবে। | ভোলা জেলায় নৌ-পুলিশের স্থায়ী অফিস স্থাপন বিষয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য পুলিশ অধিদপ্তরকে ২৯.০৫.২০২২ তারিখ অনুরোধ করা হয়। সর্বশেষ ০২.১১.২০২২ তারিখ এ বিষয়ে অনুরোধ করে তাগিদপত্র প্রদান করা |

| | | |
|---|---|---|
| | | হয়েছে। পুলিশ অধিদপ্তর হতে বিদ্যমান নীতিমালার আলোকে প্রস্তাব পাওয়া গেলে বিষয়টি দ্রুত বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ০৩ | বাউফল উপজেলার কালাইয়া সংলগ্ন স্থানে কোস্ট গার্ডের স্টেশন স্থাপন করতে হবে। | বাউফল উপজেলার কালাইয়া সংলগ্ন স্থানে কোস্ট গার্ডের স্টেশন 'বিসিজি স্টেশন কালাইয়া' স্থাপন এর লক্ষ্যে পদ সৃজন, পন্টুনসহ জলযান, যানবাহন ও অফিস সরঞ্জামাদি বাংলাদেশ কোস্ট গার্ডের সাংগাঠনিক কাঠামো (TO&E)-তে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ৩১.০৭.২০২২ তারিখ সম্মতি জ্ঞাপন করে।<br>'বিসিজি স্টেশন কালাইয়া' গঠনের জন্য ৪০(চল্লিশ)টি পদ (সামরিক পদ স্থায়ীভাবে ও অসামরিক পদ অস্থায়ীভাবে বছর-বছর সংরক্ষণের ভিত্তিতে) রাজস্বখাতে সৃজনসহ ০২ (দুই)টি যানবাহন, ০৪ (চার)টি জলযান এবং প্রয়োজনীয় সরঞ্জামাদি টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদানের জন্য ২৫.০৯.২০২২ তারিখ অর্থ বিভাগে পত্র এবং ১৯.০৩.২০২৩ তারিখ তাগিদপত্র প্রেরণ করা হয়েছে।<br>উল্লেখ্য, বর্তমানে কালাইয়া সংলগ্ন এলাকায় বাংলাদেশ কোস্ট গার্ডের রিভারাইন প্যাট্রল স্কোয়াড্রনের জাহাজসমূহ ও হারবার প্যাট্রল বোট মোতায়ন করা হচ্ছে। |
| ০৪ | আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে পুলিশের প্রতিবেদনের পাশাপাশি উপজেলা নির্বাহী অফিসারের মতামত গ্রহণ করতে হবে। | জননিরাপত্তা বিভাগে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ সংশোধনের নিমিত্ত ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি কর্তৃক ইতোমধ্যে নীতিমালাটির একটি খসড়া প্রস্তুত করা হয়েছে। খসড়া নীতিমালাটি যাচাই-বাছাই এর কার্যক্রম চলছে। |

**(গ) দীর্ঘমেয়াদি:**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | বঙ্গীয় প্রকাশ্য জুয়া আইন, ১৮৬৭ আইনটি যুগোপযোগী করতে হবে। | বঙ্গীয় প্রকাশ্য জুয়া আইন, ১৮৬৭ যুগোপযোগীকরণের লক্ষ্যে ইতোমধ্যে আইনটির প্রাথমিক খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইনটির বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মতামত জন্য পত্র প্রেরণ করা হয়েছে। |

**মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:**

সভায় মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি বিশদ আলোচনা করা হয়। জননিরাপত্তা বিভাগ সংশ্লিষ্ট মোট ১০টি সিদ্ধান্ত রয়েছে যার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| | |
|---|---|
| ০১ | **মসবৈ২০০১-০৭-০২:তারিখ ,২০০১/(৭)২৫-**<br>**বিষয়ঃ বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সম্পাদিতব্য বহিঃসমর্পন চুক্তি অনুমোদন।**<br>**সিদ্ধান্ত:**<br>১১। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সম্পাদেয় বহিঃসমর্পন চুক্তির খসড়াটি স্বাক্ষর ও বাস্তবায়নের জন্য অনুমোদন করা হইল।<br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>মন্ত্রিপরিষদ বিভাগের পরামর্শ মোতাবেক বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে বহিঃসমর্পন চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে উদ্যোগ গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। সর্বশেষ অগ্রগতির বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে জানানো হয়েছে, আলোচ্য চুক্তিটির বিষয়ে বিভিন্ন উচ্চ পর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে সহযোগিতা চাওয়া হয়েছে। বিষয়টি যুক্তরাষ্ট্র কর্তৃপক্ষের বিবেচনাধীন রয়েছে। এ প্রসঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয় মার্কিন যুক্তরাষ্ট্রের দূতাবাসের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে জননিরাপত্তা বিভাগ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ করছে। |
| ০২ | **মসবৈ-২৫(০৬)/২০১৫, তারিখ: ২২ জুন ২০১৫**<br>**বিষয়-৩: 'মোবাইল কোর্ট (সংশোধন) আইন, ২০১৫' এর খসড়া নীতিগত অনুমোদন।**<br>**সিদ্ধান্ত:**<br>১০। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'মোবাইল কোর্ট (সংশোধন) আইন,২০১৫'-এর খসড়া নীতিগতভাবে এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং সাপেক্ষে চূড়ান্তভাবে অনুমোদন করা হইল।<br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>মোবাইল কোর্ট আইন২০০৯ এর বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্ট , বিভাগে তিনটি রীট ,২০১১/৮৪৩৭-রীট পিটিশন নং) এ-(২০১২/২০১১ এবং ৪৮৭৯/১০৪৮২ প্রদত্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে চেম্বার জজ আদালতে আপিল করা হলে চেম্বার জজ রীট পিটিশনের আদেশ স্থগিত করেন। সে পরিপ্রেক্ষিতে বর্তমানে মোবাইল কোর্ট পরিচালনায় কোন বাধা নেই। |

| | |
|---|---|
| ০৩ | **মসবৈ-০২(০১)/২০১৭, তারিখ:০৯ জানুয়ারি ২০১৭**<br>**বিষয়-২: 'ব্যাটালিয়ন আনসার (সংশোধন) আইন,২০১৬'-এর খসড়া নীতিগত অনুমোদন।**<br>**সিদ্ধান্ত:**<br>১০.২। গত ০২ মার্চ ২০১৫ তারিখ অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে 'ব্যাটালিয়ন আনসার (সংশোধন) আইন,২০১৫'-এর খসড়া নীতিগত অনুমোদনের সময় মন্ত্রিসভা যে নির্দেশনা প্রদান করিয়াছে তাহা অনুসরণক্রমে 'বর্ডার গার্ড বাংলাদেশ আইন, ২০১০'-এ বিদ্রোহ সংঘটন সংক্রান্ত শাস্তি বিধানের ব্যবস্থা রহিয়াছে তাহার সঙ্গে সামঞ্জস্য রক্ষাক্রমে বিদ্যমান আইনে বিদ্রোহ সংক্রান্ত অপরাধ সংজ্ঞায়িত এবং উহার শাস্তির বিধান সন্নিবেশ করিয়া উহা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>গত ০২ মার্চ ২০১৫ তারিখ অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের নির্দেশনা অনুসরণক্রমে 'বর্ডার গার্ড বাংলাদেশ আইন, ২০১০'-এ বিদ্রোহ সংঘটন সংক্রান্ত শাস্তি বিধানের ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্য রেখে 'ব্যাটালিয়ন আনসার আইন, ২০২২'-এর খসড়ায় বিদ্রোহ সংক্রান্ত অপরাধ সংজ্ঞায়িত করে শাস্তির বিধান সন্নিবেশ করা হয়েছে। মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত 'আনসার ব্যাটালিয়ন আইন, ২০২২' এর খসড়াটি ভেটিং এর জন্য ০৪.০৪.২০২২ তারিখ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। উক্ত বিভাগ কতিপয় পর্যবেক্ষণ দিয়ে ভেটিং ব্যতিরেকে আইনের খসড়াটি ১২.১০.২০২২ তারিখ ফেরত প্রদান করে। পরবর্তী করণীয় সম্পর্কে নির্দেশনা চেয়ে মন্ত্রিপরিষদ বিভাগে ০২.০৩.২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়।<br>উল্লেখ্য, 'ব্যাটালিয়ন আনসার (সংশোধন) আইন, ২০১৬' পরবর্তিতে এ কার্যপত্রের ক্রমিক - ৬ তে বর্ণিত আনসার ব্যাটালিয়ন আইন, ২০২২ পরিবর্তিত হয়েছে এবং সে অনুসারে কার্যক্রম চলমান। এই পরিপেক্ষিতে সিদ্ধান্তটি এ বিভাগের আলোচ্যসূচি হতে বাদ দেয়ার জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা যেতে পারে। |
| ০৪ | **মসবৈ-১৪(০৮)/২০১৯,তারিখ-২৬ আগষ্ট ২০১৯**<br>**বিষয়-১: মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের-বিষয়ে ২০১৯ সালের দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন। (জুন-এপ্রিল)**<br>**সিদ্ধান্ত:**<br>৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/ বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।<br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করে বাংলায় প্রণয়ন করার বিষয়ে জননিরাপত্তা বিভাগের গৃহীত পদক্ষেপ নিম্নরূপ:<br>(১) The Dhaka Metropolitan Police Ordinance, 1976, The Chittagong Metropolitan Police Ordinance, 1978 এবং The Khulna Metropolitan Police Ordinance, 1985 - আইন ০৩টি বাংলায় রূপান্তরসহ সমগ্র মেট্রোপলিটন পুলিশের জন্য একটি একক মেট্রোপলিটন আইনের খসড়া সংশোধনের নিমিত্ত মতামত চেয়ে ১১.১১.২০২০ তারিখ স্থানীয় সরকার বিভাগ এবং আইন ও বিচার বিভাগে পত্র দেয়া হয়েছে। আইন ও বিচার বিভাগের মতামত পাওয়া গেছে। স্থানীয় সরকার বিভাগের মতামত পাওয়া যায়নি। একাধিকবার তাগিদ পত্র প্রদান করা হয়েছে। উল্লেখ্য মহানগর পুলিশ আইন, ২০২২-এর খসড়া পুনঃযাচাইকরণের লক্ষ্যে ৬ সদস্য বিশিষ্ট একটি সাব-কমিটি গঠন করা হয়েছে।<br>(২) The Armed Police Battalions Ordinance, 1979 যুগোপযোগী করে বাংলায় প্রণীত 'আর্মড পুলিশ ব্যাটালিয়ন আইন, ২০২২' এর খসড়া 'পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি'র মতামত ও সুপারিশ প্রদানের জন্য ১৮.০৪.২০২২ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত সংক্রান্ত কমিটির সভা ২৫.০৯.২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ০১.১১.২০২২ তারিখ পুলিশ অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়। পুলিশ অধিদপ্তর হতে ২৬২০২৩ তারিখ /০১/ সংশোধিত খসড়া প্রস্তাব পাওয়া গেছে। খসড়া প্রস্তাবটির উপর ১৫-২০২৩ তারিখ যাচাই.০৩.বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।<br>(৩) The Police (Non-Gazetted Employees) Welfare Fund Ordinance, 1986 আইনটির খসড়ার উপর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণ করা হয়েছে। ভেটিংকৃত খসড়া বিলটির বিষয়ে ০৬.০২.২০২৩ তারিখ অর্থ বিভাগের কতিপয় পর্যবেক্ষণসহ মতামত পাওয়া গেছে। অর্থ বিভাগের মতামতসমূহ সন্নিবেশিত করার কাজ চলমান।<br>(৪) মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি কর্তৃক প্রদত্ত মতামত এর প্রেক্ষিতে বিষয়টি পর্যালোচনাপূর্বক এ বিভাগ কর্তৃক The Police Officers (Special Provisions Ordinance, 1976) এর বিষয়াদি The Police Act, 1861 এ অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, The Police Act, 1861 বাংলা ভাষায় রূপান্তর ও যুগোপযোগী হিসেবে প্রণয়নের কার্যক্রম চলমান।<br>(৫) মন্ত্রিপরিষদ বিভাগেরর'নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি-পরীক্ষা' নির্দেশনা অনুযায়ী The Police (Incitement to Disaffection) Act, 1922 আইনটি বাংলা ভাষায় রূপান্তরে ভেটিং এর জন্য ০৭.১১.২০২১ তারিখ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মতামত অনুযায়ী অন্যান্য বাহিনীর সাথে সামঞ্জস্যপূর্ণ )Disaffection/ Mutiny সংক্রান্ত একটি নতুন আইন এর খসড়া প্রণয়নের (কার্যক্রম চলমান।<br>(৬) The Police Act, 1861 আইনটি দ্রুত বাংলায় রূপান্তরসহ সংশোধনের লক্ষ্যে খসড়া প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে পুলিশ অধিদপ্তর কর্তৃক উর্দ্ধতন পুলিশ কর্মকর্তাদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান। |

| | |
|---|---|
| ০৫ | **মসবৈ-১৬(০৯)/২০২১ তারিখ: ০৬ সেপ্টেম্বর ২০২১**<br>**বিষয়৩-: 'বাংলাদেশ পুলিশ (অধস্তন কর্মচারী) কল্যাণ তহবিল আইন, ২০২১'-এর খসড়ার নীতিগত অনুমোদন।**<br>**সিদ্ধান্ত:**<br>১১। মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সহিত উপস্থাপিত 'বাংলাদেশ পুলিশ (অধস্তন কর্মচারী) কল্যাণ তহবিল আইন, ২০২১'-এর খসড়া নীতিগতভাবে অনুমোদন করা হইল।<br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>The Police (Non-Gazetted Employees) Welfare Fund Ordinance, 1986, আইনটির খসড়ার উপর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণ করা হয়েছে। ভেটিংকৃত খসড়া বিলটির বিষয়ে ০৬.০২.২০২৩ তারিখ অর্থ বিভাগের কতিপয় পর্যবেক্ষণসহ মতামত পাওয়া গেছে। সে অনুযায়ী কার্যক্রম চলমান। |
| ০৬ | **মসবৈ-০৭(০৩)/২০২২, তারিখ: ২৮ মার্চ ২০২২**<br>**বিষয়-১: আনসার ব্যাটালিয়ন আইন,২০২২' –এর খসড়ার নীতিগত অনুমোদন।**<br>আলোচনা:<br>**সিদ্ধান্ত:**<br>৯। মন্ত্রিসভাবৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সহিত উপস্থাপিত আনসার - ২০২২ এর খসড়া নীতিগতভাবে অনুমোদন করা হইল।,ব্যাটালিয়ন আইন<br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>মন্ত্রিসভাকর্তৃক অনুমোদিত 'আনসার ব্যাটালিয়ন আইন, ২০২২' এর খসড়াটি ভেটিং এর জন্য ০৫.০৪.২০২২ তারিখ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। উক্ত বিভাগ কতিপয় পর্যবেক্ষণ দিয়ে ভেটিং ব্যতিরেকে আইনের খসড়াটি ১১.১০.২০২২ তারিখ ফেরত প্রদান করে। পরবর্তী করণীয় সম্পর্কে নির্দেশনা চেয়ে মন্ত্রিপরিষদ বিভাগে ০২.০৩.২০২৩ তারিখ পত্র প্রেরণ করা হয়। |
| ০৭ | **মসবৈ-২২(১১)/২০২২, তারিখ:১৪ নভেম্বর ২০২২**<br>**বিষয়-৫:** 'Security Cooperation Agreement Between the Government of the Kingdom of Saudi Arabia and the Government of the People's Republic of Bangladesh'- এর খসড়া অনুমোদন।<br>**সিদ্ধান্ত:**<br>২০। মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সহিত উপস্থাপিত 'Security Cooperation Agreement Between the Government of the Kingdom of Saudi Arabia and the Government of the People's Republic of Bangladesh'- এর খসড়া অনুমোদন করা হইল।<br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>বাংলাদেশের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী ও সৌদি আরবের মান্যবর স্বরাষ্ট্র উপমন্ত্রীর মধ্যে গত ১৩.১১.২০২২ তারিখ বর্ণিত চুক্তিটি আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরিত হয়েছে।<br>বিষয়টি এ বিভাগের আলোচ্যসূচী হতে বাদ দেয়ার জন্য ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে সুপারিশ করা হয়েছে। (রাজ-২) |
| ০৮ | **মসবৈ-০২(০১)/২০২৩, তারিখ-২৩ জানুয়ারি ২০২৩**<br>**বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২২ সালের চতুর্থ (অক্টোবর-ডিসেম্বর) ত্রৈমাসিক প্রতিবেদন।**<br>**সিদ্ধান্ত:**<br>৯.২। গত ১৪ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা বিবেচনা করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন/পরিমার্জন ও রহিতক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়নের যে নির্দেশনা প্রদান করা হয়, তৎপরিপ্রেক্ষিতে যে-সকল মন্ত্রণালয়/ বিভাগে অনুরূপ অধ্যাদেশ অদ্যাবধি অনিষ্পন্ন রহিয়াছে সেইগুলির বিষয়ে সংশ্লিষ্ট সচিবগণ দ্রুত পদক্ষেপ গ্রহণপূর্বক নিষ্পত্তি করিবেন।<br>**বাস্তবায়ণ অগ্রগতি:**<br>ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করে বাংলায় প্রণয়ন করার বিষয়ে জননিরাপত্তা বিভাগের গৃহীত পদক্ষেপ নিম্নরূপ:<br>(১) The Dhaka Metropolitan Police Ordinance, 1976, The Chittagong Metropolitan Police Ordinance, 1978 এবং The Khulna Metropolitan Police Ordinance, 1985- আইন ০৩টি বাংলায় রুপান্তরসহ সমগ্র মেট্রোপলিটন পুলিশের জন্য একটি একক মেট্রোপলিটন আইনের খসড়া সংশোধনের নিমিত্ত মতামত চেয়ে ১১.১১.২০২০ তারিখ স্থানীয় সরকার বিভাগ এবং আইন ও বিচার বিভাগে পত্র দেয়া হয়েছে। আইন ও বিচার বিভাগের মতামত পাওয়া গেছে। স্থানীয় সরকার বিভাগের মতামত পাওয়া যায়নি। একাধিকবার তাগিদ পত্র প্রদান করা হয়েছে। উল্লেখ্য মহানগর পুলিশ আইন, ২০২২- এর খসড়া পুন: যাচাইকরণের লক্ষ্যে ৬ সদস্য বিশিষ্ট একটি সাব-কমিটি গঠন করা হয়েছে।<br>(২) The Armed Police Battalions Ordinance, 1979 যুগোপযোগী করে বাংলায় প্রণীত 'আর্মড পুলিশ ব্যাটালিয়ন আইন, ২০২২' এর খসড়া 'পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি'র মতামত ও সুপারিশ |

| | |
|---|---|
| | প্রদানের জন্য ১৮.০৪.২০২২ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত সংক্রান্ত কমিটির সভা ২৫.০৯.২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ০১.১১.২০২২ তারিখ পুলিশ অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়। পুলিশ অধিদপ্তর হতে ২৬.০১.২০২৩ তারিখ সংশোধিত খসড়া প্রস্তাব পাওয়া গেছে। যাচাইবাছাই কার্যক্রম চলমান।-<br>(৩) The Police (Non-Gazetted Employees) Welfare Fund Ordinance, 1986 আইনটির খসড়ার উপর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহন করা হয়েছে। ভেটিংকৃত খসড়া বিলটির বিষয়ে ০৬.০২.২০২৩ তারিখ অর্থ বিভাগের কতিপয় পর্যবেক্ষণসহ মতামত পাওয়া গেছে। সে অনুযায়ী কার্যক্রম চলমান।<br>(৪) মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি কর্তৃক প্রদত্ত মতামত এর প্রেক্ষিতে বিষয়টি পর্যালোচনাপূর্বক এ বিভাগ কর্তৃক The Police Officers (Special Provisions Ordinance, 1976) এর বিষয়াদি The Police Act, 1861 এ অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, The Police Act, 1861 বাংলা ভাষায় রুপান্তর ও যুগোপযোগী হিসেবে প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। |
| ০৯ | **মসবৈ-০২(০১)/২০২৩, তারিখ-২৩ জানুয়ারি ২০২৩**<br>**বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২২ সালের চতুর্থ ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন।**<br>**সিদ্ধান্ত:**<br>৯.৩। মন্ত্রিসভার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে যেইসকল দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরের জন্য অনুমোদিত হওয়ার পর দীর্ঘদিন যাবৎ কার্যকর হয় নাই সেইসকল চুক্তি স্বাক্ষর/ অনুসমর্থন/সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিষ্পত্তির বিষয়ে মন্ত্রণালয়- বিভাগের সচিবগণ কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।<br>**বাস্তবায়ণ অগ্রগতি:**<br>দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরের জন্য অনুমোদিত হওয়ার পর দীর্ঘদিন যাবৎ কার্যকর হয়নি জননিরাপত্তা বিভাগ সংশ্লিষ্ট এরকম কোন চুক্তি নেই। বিষয়টি এ বিভাগের কার্যসূচী হতে বাদ দেয়ার জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা যেতে পারে। |
| ১০ | **মসবৈ-০২(০১)/২০২৩, তারিখ-২৩ জানুয়ারি ২০২৩**<br>**বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২২ সালের চতুর্থ ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন।**<br>**সিদ্ধান্ত:**<br>৯.৪। মন্ত্রিসভা-বৈঠকে নীতিগতভাবে অনুমোদিত আইনসমূহ চূড়ান্ত অনুমোদনরে জন্য মন্ত্রিসভায় উপস্থাপন এবং চূড়ান্ত অনুমোদিত আইনসমূহ জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ দ্রুত পদক্ষেপ গ্রহণ করিবেন।<br>**বাস্তবায়ণ অগ্রগতি:**<br>মন্ত্রিসভা বৈঠকে নীতিগতভাবে অনুমোদিত জননিরাপত্তা বিভাগ সংশ্লিষ্ট আইনসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় উপস্থাপন এবং চূড়ান্ত অনুমোদিত আইনসমূহ জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে এ বিভাগ হতে দ্রুত পদক্ষেপ গ্রহণ হয়। |
| ১১ | **মসবৈ-০৩(০২)/২০২৩, তারিখ-০৬ ফেব্রুয়ারি ২০২৩**<br>**বিবিধ বিষয়: তিন-ফসলি জমিতে সোলার প্যানেলসহ অন্যান্য উন্নয়ন-অবকাঠামো স্থাপন/নির্মাণ না করা।**<br>**সিদ্ধান্ত:**<br>৬। তিন-ফসলি জমিতে সোলার প্যানেলসহ অন্যান্য উন্নয়ন-অবকাঠামো স্থাপন/নির্মাণ করা যাইবে না।<br>বাস্তবায়ণ অগ্রগতি:<br>তিন-ফসলি জমিতে সোলার প্যানেলসহ অন্যান্য উন্নয়ন-অবকাঠামো স্থাপন/নির্মাণ না করার বিষয়ে ০৭.০৩.২০২৩ তারিখ অধীনস্থ দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়েছে। |

সভাপতি ই-ফাইলিং, ইনোভেশন, তথ্য অধিকার, সিটিজেন চার্টার, এনআইএস, জিআরএস, বিভাগীয়/ শৃঙ্খলা মামলা, রীট মামলা নিষ্পত্তিকরণ, APA'র সূচকসমূহ যথাসময়ে অর্জন ও আবশ্যিক প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালা ইত্যাদি বিষয়ে বিষয়ে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা দেন। সভায় এ বিভাগের সার্বিক বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। আলোচনা শেষে সার্বিক গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

**গৃহীত সিদ্ধান্তসমূহঃ**

(১) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ বিভাগের শতভাগ নথি ও চিঠি-পত্র ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। কোন শাখায় মন্ত্রিপরিষদ বিভাগের প্রমাপ অনুযায়ী ই-ফাইলিং কার্যক্রম করা না হলে এর দায় শাখা কর্মকর্তার উপর বর্তাবে। এ বিভাগের আইসিটি সেল বিষয়টি তদারকি করবে এবং প্রতি মাসের ৭ তারিখের মধ্যে অনুবিভাগ প্রধান বরাবর রিপোর্ট দাখিল করবে।

(২) অন্য মন্ত্রণালয়/বিভাগের সভা/সেমিনার/প্রশিক্ষণে অংশগ্রহণকারী জননিরাপত্তা বিভাগের কর্মকর্তা সভা/সেমিনার/প্রশিক্ষণে অংশগ্রহণ শেষে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান বরাবর একটি প্রতিবেদন সারসংক্ষেপ আকারে দাখিল করবেন।

(৩) যেসকল আন্তর্জাতিক/দ্বিপাক্ষিক আইন/চুক্তি ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে সে সকল আইন/চুক্তির বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিতকরণসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

(৪) এ  বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে APA, NIS, GRS, Citizen Charter ইত্যাদির সূচকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে।

(৫) জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত এবং মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(৬) যে সকল আইন, বিধি প্রণয়ন/সংশোধন/ হালনাগাদকরণের কাজ চলমান রয়েছে সেগুলোর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

27/3/2023

মোঃ আমিনুল ইসলাম খান
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯

তারিখ : ১৩ চৈত্র ১৪২৯
২৭ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩) উপসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ
৫) সিনিয়র সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
৭) সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, জননিরাপত্তা বিভাগ

29.03.2023

আশাফুর রহমান
উপসচিব